

প্রেস রিলিজ

তারিখ: ১৫ মে ২০২৬

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ পাওয়ায় অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম-কে বাউবি পরিবারের শুভেচ্ছা ও অভিনন্দন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ পাওয়ায় বাউবি পরিবারের পক্ষ থেকে তাঁকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়েছে।

এ উপলক্ষে গতকাল দুপুরে বাউবির পক্ষ থেকে এক সৌজন্য সাক্ষাতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম-কে ফুলেল শুভেচ্ছা জানান।

শুভেচ্ছা বিনিময়কালে উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান বলেন, “বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের মুক্তিকা বিজ্ঞানের অধ্যাপক এবং বর্তমান ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম-এর মতো একজন দক্ষ, অভিজ্ঞ ও সংশ্লিষ্টদের একটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ লাভ বাউবি পরিবারের জন্য অত্যন্ত গৌরব ও আনন্দের বিষয়। তাঁর দীর্ঘ একাডেমিক ও প্রশাসনিক অভিজ্ঞতা নতুন কর্মস্থলে শিক্ষা, গবেষণা ও সুশাসনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।”

তিনি আরও বলেন, “অধ্যাপক ড. শামীম-এর নেতৃত্বে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণায় নতুন উচ্চতায় পৌঁছাবে। আমরা তাঁর সর্বাঙ্গীণ সাফল্য, সুস্বাস্থ্য এবং গৌরবোজ্জ্বল ভবিষ্যৎ কামনা করছি।”

এ সময় বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা), প্রো-উপাচার্য (প্রশাসন), রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) টি.এম আহমেদ হুসেইন, ভিন্ন স্কুলের ডিন, শিক্ষক, বিভাগের পরিচালক, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)